কালের কণ্ঠ

তারিখ 21 JUN 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

# খিলগাঁও হাই স্কুলের প্রধান শিক্ষক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক ▷

খিলগাঁও গভর্নমেন্ট স্টাফ কোয়ার্টার হাই স্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ হেলাল উদ্দিনকে সাময়িক বরখাস্ত করার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তর। এক শিক্ষিকার শ্লীলতাহানির মামলায় তিনি বর্তমানে গ্রেপ্তার রয়েছেন। মাউশি অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান বলেন, 'গণমাধ্যমে সংবাদ প্রকাশ হলে আমরা ওই শিক্ষকের অপরাধের বিষয়টি জানতে পারি। এরপর শিক্ষা কর্মকর্তাদের মাধ্যমে তদন্ত শুরু করি। অপরাধের সত্যতা পাওয়ায় আমরা হেলাল উদ্দিনকে বরখাস্তসহ আইনানুগ ব্যবস্থা নিতে পরিচালনা পর্ষদকে নির্দেশ দিয়েছি।'

গতকাল মঙ্গলবার মাউশি অধিদপ্তরের সহকারী পরিচালক (মাধ্যমিক-২) দুর্গা রানী শিকদার স্বাক্ষরিত এক আদেশে বলা হয়েছে, ঢাকা মহনগরীর খিলগাঁও থানাধীন খিলগাঁও গভর্নমেন্ট স্টাফ কোয়ার্টার হাই স্কুলের প্রধান শিক্ষক সরদার মো. হেলাল উদ্দিন গ্রেপ্তার হয়েছেন খণ্ডকালীন এক শিক্ষিকার শ্লীলতাহানির অভিযোগের ভিত্তিতে। তাঁর বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে।